

## 37695 - বাসা থেকে ইমামের সাথে ইকতিদা করার হুকুম

### প্রশ্ন

বাসা থেকে ইমামের পিছনে নামায পড়ার হুকুম কি? মসজিদের মিনারা বাসার ছাদের পার্শ্ববর্তী।

### প্রিয় উত্তর

বাসা থেকে মসজিদের ইমামের পিছনে নামায পড়া শুদ্ধ নয়।

মসজিদের ইমামের সাথে বাসা থেকে নামায পড়া শুদ্ধ হবে না; যদি না মুক্তাদি মসজিদের ভেতরে না থাকে কিংবা মসজিদের বাহিরে থাকলেও কাতার সংযুক্ত থাকে। যেমন যদি মসজিদ মুসল্লিতে ভরে যায়; তখন কেউ কেউ মসজিদের বাহিরে নামায পড়ে; তাহলে তাদের নামায সহিহ হবে।

পক্ষান্তরে মসজিদের ভেতরে জায়গা থাকা সত্ত্বেও মসজিদের বাহিরে নামায পড়লে সেই নামায সহিহ হবে না।

স্থায়ী কমিটিকে প্রশ্ন করা হয়েছিল ঐ ব্যক্তি সম্পর্কে যে ব্যক্তি নিজের বাসায় জামাত করে নামায পড়েছে মসজিদের মাইক থেকে সাউন্ড শনার মাধ্যমে। ইমাম ও মুক্তাদির মাঝে কোন সংযোগ ছিল না; যেমনটি মওসুমের সময় মক্কা ও মদিনাতে ঘটে থাকে?

জবাবে তারা বলেন:

“নামায সঠিক হবে না। এটি শাফেয়ি মাযহাবের অভিমত এবং ইমাম আহমাদও এটি বলেছেন। তবে যদি কাতারগুলো তার বাসার সাথে সংযোগ হয়ে যায় এবং ইমামকে দেখা ও ইমামের কথা শনার মাধ্যমে তিনি ইমামের ইকতিদা করতে পারেন; তাহলে সঠিক হবে। কেননা মুসলিমের ওপর ওয়াজিব হলো আল্লাহর ঘরসমূহে অন্য মুসলিম ভাইদের সাথে জামাতের সাথে নামায আদায় করা। যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “যে ব্যক্তি আযান শুনেও (মসজিদে) আসেনি; তার কোন নামায নাই। তবে কোন ওজর থাকলে ভিন্ন কথা।” [সুনানে ইবনে মাজাহ ও মুস্তাদরাকে হাকেম] হাফেয ইবনে হাজার বলেছেন: হাদিসটির সনদ ইমাম মুসলিমের শর্তে উন্নীত। এবং অন্ধ লোকটি যখন নিজ ঘরে নামায পড়ার জন্য নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে প্রার্থনা করলেন তখন তিনি বললেন: “তুমি কি নামাযের আযান শুনে? লোকটি বলল: হ্যাঁ। তখন তিনি বললেন: তাহলে সাড়া দাও” [সহিহ মুসলিম] আল্লাহ্‌ই তাওফিকের মালিক।

ফাতাওয়াল লাজনাদ্ দায়িমা (৮/৩২)